

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১৪৬.২৩.০০০২.২২.৪৮

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের নিমিত্ত গৃহীত কর্মসূচি।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৩ মার্চ ২০২৬ তারিখের ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.৫০ নং স্মারকের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় কর্মসূচির আলোকে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১। জাতীয় পতাকা উত্তোলন:

- ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে ২৬ মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন (সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে।
- খ) ঢাকা শহরের সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহৎ আকৃতির জাতীয় পতাকা উত্তোলন (সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে।

২। শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা:

- ক) স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল শিক্ষাপ্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে।
- খ) ২০ মার্চ ২০২৬ থেকে ২৫ মার্চ ২০২৬ পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

৩। বিশেষ মোনাজাত ও প্রার্থনা:

- ক) ২৫ মার্চ বাদ জোহর অথবা সুবিধাজনক সময়ে ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে দেশব্যাপী বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে।
- খ) ২৬ মার্চ জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডাসহ অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে।

৪। আলোকসজ্জা:

- ক) কোন অবস্থাতেই ২৫ মার্চ রাতে আলোকসজ্জা করা যাবে না।

৫। শিশুদের জন্য বিশেষ ব্যবস্থা:

- ২৬ মার্চ ২০২৬ তারিখে দেশের সকল চিড়িয়াখানা শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। প্রশাসনিক সমন্বয়:

- জেলা ও উপজেলা পর্যায়ে জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন আয়োজিত কর্মসূচির সাথে সমন্বয় করে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে দপ্তর/সংস্থা প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

সংযুক্তি: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী।

সংযুক্তি:

- (১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী

Rahman

১২-০৩-২০২৬

এ.বি.এম. সাদিকুর রহমান
উপসচিব

ফোন : ০২৫৫১০০৪৩৮

ইমেইল : administration-1@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। দপ্তর/সংস্থা প্রধান এবং
- ২। পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১৪৬.২৩.০০০২.২২.৪৮/১ (৪)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৩। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।



Rahman

১২-০৩-২০২৬

এ.বি.এম. সাদিকুর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন
২৩-২৪, কারওয়ান বাজার, ঢাকা
www.flid.gov.bd

স্মারক নম্বর : ৩৩.০৬.০০০০.০০০.০০২.১৮.০০০৫.২৪-২৩৭৩/১(১০)

তারিখ : ২৭ ফাল্গুন ১৪৩২
১২ মার্চ ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার, ঢাকা;
- ২। তথ্য কর্মকর্তা (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার, ঢাকা;
- ৩-৬। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা/রাজশাহী/বরিশাল/কুমিল্লা;
- ৭। অডিও ভিজুয়াল ইকুইপমেন্ট মেকানিক, গণমাধ্যম শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো);
- ৮। সহকারী তথ্য কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, আঞ্চলিক অফিস, বরিশাল/কুমিল্লা;
- ৯। উচ্চমান সহকারী, প্রশাসন ও হিসাব শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর; এবং
- ১০। হিসাব সহকারী, প্রশাসন ও হিসাব শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর।

Rahman

ডাঃ মনিরুজ্জামান তরফদার
তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
ফোন : -০২৫৫০১২৮০৭